

বাড়ে

অপূর্ব কর

আমার প্রথম কবিতার বই ট্রেডেলে ছাপা হয়েছিল

বৃন্দ কম্পোজিটর চৌখুপি কাঠের বাক্সের অক্ষর তুলে সাজিয়েছিলেন হরফ

আমার জীবনের প্রথম বড়ো পরীক্ষার মার্কশীট

অন্যকে দেওয়ার সময় হাতে লেখা নকল

সরাসরি অটো এসে যায় এখন আমার বাড়ির দোরগোড়ায়

বৃন্দ হারাণ, ছকুলাল, রিক্সাওলা করুণ চোখে দেখে

দুঃসংবাদ বয়ে আনে না সাইকেল চেপে খয়েরি উর্দির পিওন

মৃত টরে টক্কা, চিঠিরা মৃত্যু শয্যায়

আমার ফুল্লিত হৃদয়ের প্রথম কদমফুল অনন্য শ্রাবণে ফুটেছিল

তার কথা জানানো কাউকে গোপনে, -নীল খাম যাদুঘরে

কত কিছু হুসহাস, তবু কী ব্যথা, দীর্ঘশ্বাস বাতাসে ওড়ে

তুই বদলাস না কবিতার বই, অনেক দায়িত্ব তোর ঘাড়ে।